ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৪৪১

আগরতলা, ২০ আগস্ট, ২০২৫

**আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ ও এটিজিডি-এর উদ্যোগে সুবল সিং পাড়া বিদ্যালয়ে বিশেষ স্বাস্থ্য শিবির**



আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ এবং অল ত্রিপুরা গভর্নমেন্ট ডক্টরস অ্যাসোসিয়েশন (এটিজিডিএ)-এর যৌথ উদ্যোগে গত ১৯ আগস্ট মোহনপুরের সুবল সিং পাড়া বিদ্যালয়ে একটি বিশেষ স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়েছে। এই আয়োজনে জাতীয় স্বাস্থ্য মিশন, ত্রিপুরা স্টেট এইডস কন্ট্রোল সোসাইটি এবং মোহনপুর সামাজিক স্বাস্থ্য কেন্দ্র সহযোগিতা করেছে। এই শিবিরে মেডিসিন, সার্জারি, অপথালমোলজি, চর্ম, ইএনটি, প্রসূতি ও স্ত্রী রোগ, এবং অর্থোপেডিক্স-এর মতো বিভিন্ন বিভাগে বিশেষজ্ঞ চিকিৎসকরা বিনামূল্যে স্বাস্থ্য পরিষেবা প্রদান করেছেন। শিবিরে রক্ত পরীক্ষা ও ইসিজি সুবিধা দেওয়া হয়। মোট ১৬৫ জন গ্রামবাসী এই শিবির থেকে উপকৃত হয়েছেন। এই বিশেষ স্বাস্থ্য শিবিরে উপস্থিত ছিলেন জিবিপি হাসপাতালের ডেপুটি মেডিকেল সুপারিনটেনডেন্ট ডাঃ কনক চৌধুরী, ডাঃ দীপ্তেন্দু চৌধুরী, ডাঃ চয়ন সরকার, ডাঃ আশিস দাস, ডাঃ পারুল দ্বীপ চাকমা, ডাঃ কমল দাস, ডাঃ কর্ণজিত দেব রায়, ডাঃ অলোক নোয়াতিয়া, ডাঃ দেবাশিস সাহা, ডাঃ অভিক দেব, ডাঃ অচিন্ত্য পাল এবং ডাঃ রাকেশ দাসসহ বিশিষ্ট বিশেষজ্ঞ চিকিৎসকগণ। ত্রিপুরা এইডস কন্ট্রোল সোসাইটি এই ক্যাম্পে সহায়তা করে এবং রক্তের নমুনা সংগ্রহ করেন। এই ধরনের বিশেষজ্ঞ চিকিৎসকদের মাধ্যমে উন্নত স্বাস্থ্য পরিষেবা সরাসরি নিজেদের এলাকায় পেয়ে স্থানীয় জনগণ অত্যন্ত উপকৃত হয়েছেন। ভবিষ্যতেও রাজ্যের অন্যান্য স্থানেও অনুরূপ স্বাস্থ্য শিবিরের আয়োজন করার পরিকল্পনা রয়েছে। স্বাস্থ্য দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।

******